



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৮১১২২৫১৩/২২৫৩(১)/ নথি নং-ময়মনসিংহ-১৩২

তারিখ: ০৬/০৩/২০১৯খ্রি:।

বিষয়: ময়মনসিংহ জেলাধীন ত্রিশাল উপজেলার বাগান ইসলামিয়া আলিম মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব নূরজাহান আক্তারের বিরুদ্ধে অনিয়মের তদন্ত প্রসঙ্গে।

সূত্র: ১) নং বামাশিবো/প্রশাসন/৩৩৩১৮১১২২৫১৩/৩০৪৮/৭/নথি নং- ময়মনসিংহ-১৩২; তারিখ: ২২.০৭.২০১৮

২) স্মারক নং- ০৫.৪৫.৬১৯৪.৫৫.০০৬.০১৬.১৮-৪৭৬; তারিখ: ০৭.১১.২০১৮খ্রি:।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন বাগান ইসলামিয়া আলিম মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব নূর জাহান আক্তারের বিরুদ্ধে অবৈধভাবে ভূয়া রেজুলেশনে জ্যেষ্ঠতার নিয়ম ভঙ্গ করে দায়িত্বপ্রাপ্ত হওয়া এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ এনে জনাব মোঃ শাহিন আলম, জনাব মোসাঃ রানী আক্তার ও জনাব মোসাঃ মমতাজ বেগম অত্র বোর্ডে অভিযোগ পত্র দাখিল করেন।

উক্ত অভিযোগের প্রেক্ষিতে সূত্রোক্ত ১নং পত্র মোতাবেক অভিযোগ বিষয়ে তদন্ত করে উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহকে প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়। সূত্রোক্ত ২নং পত্রের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), ত্রিশাল সম্পাদিত এক প্রতিবেদন প্রেরণ করেছেন এবং উক্ত মাদ্রাসায় ২৯/১০/২০১৮খ্রি: তারিখে সিনিয়র শিক্ষক জনাব শাহানাজ বেগমকে ভারপ্রাপ্তের অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয় মর্মে উল্লেখ করা হয়।

উল্লেখিত তদন্তে বিভিন্ন অনিয়ম উল্লেখ করে ভারপ্রাপ্ত অধ্যক্ষ নূর জাহান আক্তার বিগত ২২/১১/২০১৮খ্রি: তারিখে বোর্ডে একখানা অভিযোগ দাখিল করেন। প্রেরিত প্রতিবেদন, ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব নূর জাহান আক্তার এর অভিযোগ/আবেদন ও তাঁর বিরুদ্ধে অভিযোগ ও জনাব নূর জাহান আক্তার কর্তৃক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের বিষয় সংক্রান্ত রিট পিটিশন নং-৫৫৪৮/২০১৮ বিচারাধীন থাকায় সুষ্ঠুভাবে প্রতিষ্ঠান পরিচালনার স্বার্থে ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদের দায়িত্ব পালনসহ উল্লেখিত বিষয়ে অধিকতর শুনানী গ্রহণ প্রয়োজন।

বর্ণিত অবস্থায় অভিযোগকারী ১) জনাব মোঃ শাহিন আলম, ২) জনাব মোসাঃ রানী আক্তার ৩) জনাব মোসাঃ মমতাজ বেগম ও ৪) সিনিয়র শিক্ষক জনাব শাহানাজ বেগম এবং ৫) ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব নূর জাহান আক্তারকে The Madrasah Education Ordinance, 1978 এর ধারা 17(2)(i) ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান ৩৮(৩) অনুযায়ী স্ব-স্ব পক্ষের সমর্থনীয় রেজুলেশন ও কাগজপত্রসহ শুনানীতে অংশগ্রহণ করার জন্য আগামী ৩১/০৩/২০১৯খ্রি: রোজ রবিবার বিকাল ৩ ঘটিকায় বোর্ডে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
০৬.০৩.১৯

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

  
০৭.০৬.১৯

প্রাপক: ১) জনাব মোঃ শাহিন আলম, গ্রাম: বাগান, পোঃ বাগান, উপজেলা: ত্রিশাল, জেলা: ময়মনসিংহ।

২) জনাব মোসাঃ রানী আক্তার, গ্রাম: বাগান, পোঃ বাগান, উপজেলা: ত্রিশাল, জেলা: ময়মনসিংহ।

৩) জনাব মোসাঃ মমতাজ বেগম, গ্রাম: বাগান, পোঃ বাগান, উপজেলা: ত্রিশাল, জেলা: ময়মনসিংহ।

৪) জনাব শাহানাজ বেগম, সিনিয়র শিক্ষক, বাগান ইসলামিয়া আলিম মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ।

৫) জনাব নূর জাহান আক্তার, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বাগান ইসলামিয়া আলিম মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৮১১২২৫১৩/২২৫৩(১)/(৬)/ নথি নং-ময়মনসিংহ-১৩২

তারিখ: ০৬/০৩/২০১৯খ্রি:।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।


২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৩। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।

৪। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।

৫। পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৬। অফিস কপি।

  
০৬.০৩.১৯

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

  
০৭.০৬.১৯